

# অতিরিক্ত শিক্ষার্থী ভর্তির দাবিতে ছাত্রলীগের ভাঙচুর

নিজস্ব প্রতিবেদক •

রাষ্ট্রদূতের তেজগাঁও কলেজে 'প্রফেশনাল বিবিএ' কোর্সে আসনের অতিরিক্ত শিকারী ভর্তির দাবিতে গতকাল বৃহস্পতিবার অধ্যক্ষের কক্ষের সামনে ফুলের টব ভাঙচুর করেছেন ছাত্রলীগের কর্মীরা। তাঁরা তিনটি কার্যালয়েও তালা লাগিয়ে দেন।

কলেজের অধ্যক্ষ আবদুর রশীদ এ ঘটনার জন্য কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মিঠুন তালীকে দায়ী করেছেন। তিনি বলেন, এর সুরাহা না হলে তিনি কলেজে যাবেন না।

কলেজ সূত্র জানায়, সকাল সাড়ে ১০টা থেকে শেয়ে ১১টার মধ্যে কলেজে ভাঙচুর ও তালা লাগানোর ঘটনা ঘটে। ছাত্রলীগের কর্মীরা অধ্যক্ষের কক্ষের সামনে থাকা ফুলের টব ভাঙচুর ও তখনই করেন। পরে তাঁরা কলেজের উচ্চমাধ্যমিক/ডিগ্রি, অনার্স/মাস্টার্স এবং প্রফেশনাল বিবিএ কোর্সের কার্যালয় থেকে কর্মকর্তা-কর্মচারীদের বের করে তালা লাগিয়ে দেন।

অধ্যক্ষ বলেন, প্রফেশনাল বিবিএ কোর্সে ৯৫টি আসন রয়েছে। চমকিত করে ভর্তির জন্য পৃথকভাবে ৫৫০ জন শিক্ষার্থীর পরীক্ষা নিয়ে একটি মেধা তালিকা করা হয়েছে।

**তেজগাঁও কলেজ**  
অধ্যক্ষ বলেন,  
সুরাহা না হলে  
কলেজে যাবেন না

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে সেই তালিকা থেকে ভর্তি সম্পন্ন করা হবে। এখন ছাত্রলীগের নেতা-কর্মীরা ওই মেধা তালিকায় কয়েকজনকে ঢোকানোর আবেদন করেছেন। কলেজ কর্তৃপক্ষ তা না রাখায় তাঁরা ক্ষিপ্ত হয়ে এসব কাণ্ড করেছেন। তিনি বলেন, মিঠুন তালী এসব অপকর্মের হোতা। তাঁরা ৩০ থেকে ৪০ হাজার টাকার বিনিময়ে এসব শিকারীকে ভর্তির

সুযোগ করে দিতে চাপ দিচ্ছেন বলে কলেজ কর্তৃপক্ষ জানতে পেরেছে। গতনিং বর্তির সভায় বিষয়গুলো তোলা হবে।

কলেজ সূত্র জানায়, আসনের বিপরীতে করা ৯৫ জনের ওই মেধা তালিকায় গত এক সপ্তাহে তিনজনের নাম চুকিয়েছেন ছাত্রলীগের কর্মীরা। তাঁরা আরও নাম ঢোকাতে চান।

কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান বলেন, 'আমি এ বিষয়ে কিছু বলতে পারব না। আমার সেক্রেটারিট লোকজন ছিল। তিনিই (সাধারণ সম্পাদক) তালা লাগতে পারবেন।'

তবে কলেজে সাধারণ সম্পাদককে পাওয়া যায়নি। বক্তব্য জানতে তাঁর মুঠোফোন খোঁজ করা হলে তিনি ধরেননি। বিষয়টি উল্লেখ করে খুদে বাতী পাঠানোর পরও তাঁর সাদা-মেপেনি।

এ বিষয়ে পুলিশের তেজগাঁও বিভাগের উপকমিশনার জৌথুরী মজুমদার করীর বলেন, ভর্তির বিষয় নিয়ে কিছু ছাত্র অধ্যক্ষের সঙ্গে দুর্ভাবহার করেছেন বলে তিনি যৌথিকভাবে জানিয়েছেন।